

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

তারিখঃ ০৯ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

স্মারক নং-৩১.৬০.৯০২৭.০০০.০৫.০০১.২৩- ৫৮৯

খাস কালেকশনের জন্য আবেদন দাখিলে বিজ্ঞপ্তি-০২

এতদ্বারা সুনামগঞ্জ জেলার সকল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ/ সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ একরের উর্ধ্বে জলমহাল/ জলাশয়গুলোর ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদান করা সম্ভব না হওয়ায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের রাজস্ব শাখার-২৭/৭/২০২৩ তারিখের-১২৯৫ (৪) নং স্মারক, ৩০/০৭/২০২৩ খ্রিঃ তারিখের ৭১০ ও উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ মহোদয়ের ২৭/০৭/২০২৩ তারিখের-৭৩, ০৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখের- ৭৭৭ নং স্মারক কে প্রাপ্ত পরের আলোকে জলমহালগুলো ১৪৩০ বাংলা সনের অবশিষ্ট সময়ের জন্য (৩০ শে চৈত্র ১৪৩০ বাংলা পর্যন্ত) খাস কালেকশন করা হবে। খাস কালেকশনে আগ্রহী আবেদনকারীগণকে জলমহালের মূল্য উল্লেখপূর্বক সীলগালা অবস্থায় মুখবন্ধ খামে আবেদনপত্র দাখিল করতে হবে।  
খাস কালেকশনযোগ্য জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন জলমহালসমূহ।

ক্রঃ নং	জলমহালের নাম	উপজেলার নাম	মৌজা ও জে এল নং	পরিমান (একরে)	বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য বা সর্বশেষ বছরের ইজারামূল্য	সরকার নির্ধারিত ইজারামূল্য ৫% বর্ধিত হারে (ধার্যকৃত খাসমূল্য)	মন্তব্য
০১	কচুয়া বিল	শান্তিগঞ্জ	চিকারকান্দি-২১২	৩১.৪৭	৬৯,৬১৪/-	৭৩,০৯৫/-	
০২	ঘুঞ্জিয়ারগাঁও জাওর গুপ	শান্তিগঞ্জ	দেখার হাওর-১৩৮	৪২.৬৩	--	--	
০৩	লেউনী নদী	শান্তিগঞ্জ	দুর্গাপাশা/২৩৮	২৫.৭৮	--	--	
০৪	উখারিয়ার নদী	শান্তিগঞ্জ	দেখার হাওর/১৩৮	৩৩.৪৬	--	--	
০৫	১৫০৮,১৭৭২	শান্তিগঞ্জ	দুর্গাপুর/২৬০	১১.২০ ১০.০৯			
০৬	৩.৫.৭	শান্তিগঞ্জ	মৌখলা/২৫৭	১০.৫০ ৪.১০ ৭.১৮			

- ০২। আবেদনকারীকে আগামী ১৩/০৮/২০২৩ তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকা হতে ১.০০ পর্যন্ত উপজেলা ভূমি অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর রক্ষিত দরপত্র বাব্বে জলমহালের নাম উল্লেখপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে এবং একই দিন অর্থাৎ ১৩/০৮/২০২৩ তারিখ রোজ রবিবার বেলা- ২.০০ ঘটিকার সময় আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।
- ০৩। খাস কালেকশনের জন্য আবেদনকারীকে সাদা কাগজে ২০/- টাকার কোর্ট ফি সম্বলিত আবেদনপত্রে মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। আবেদনকারীকে জলমহালের নাম, খাস কালেকশনের মূল্য উল্লেখপূর্বক মুখ বন্ধ খামে দাখিল করতে হবে।
- ০৪। আবেদনপত্রের সাথে উদ্ধৃত দরে ২০% জামানত (ফেরতযোগ্য) হিসেবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, সহকারী কমিশনার (ভূমি), শান্তিগঞ্জ বরাবরে দাখিল করতে হবে।
- ০৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ব্যক্তির নিকট সরকারি পাওনা বকেয়া থাকলে তিনি খাস কালেকশনের জন্য আবেদন করতে পারবেন না।
- ০৬। খাস কালেকশনের জন্য বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশ স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারী কার্যবিধির ১৩৩ ধারা অথবা ১৯৫০ সনের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।
- ০৭। যে সকল জলমহাল থেকে (নদী, হাওর, খাল ইত্যাদি) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে। সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিমিত করা যাবে না। যেসকল বন্ধ জলমহাল খাস কালেকশনের জন্য বন্দোবস্ত/ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম গ্রহণ করা যাবে।
- ০৮। কোন অবস্থাতেই খাস কালেকশনের সময় জলমহাল শুকিয়ে মাছ ধরা যাবে না এবং মা মাছ নিধন করা যাবে না।
- ০৯। ইতিমধ্যে কোন জলমহাল কোন আদালত বা উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার নিষেধাজ্ঞা/ছগিতাদেশ থাকলে সংশ্লিষ্ট জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

(সকিনা আক্তার)  
সহকারী কমিশনার(ভূমি)  
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

তারিখঃ ০৯ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

স্মারক নং-৩১.৬০.৯০২৭.০০০.০৫.০০১.২৩-৫৮৯(১০)

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
- ০৩। উপজেলা নিবাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য :

- ০৪। উপজেলা.....অফিসার, (সকল), শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
- ০৫। চেয়ারম্যান.....ইউ/পি, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। উপ-সহকারী কৃষি কর্মকর্তা.....ইউ/পি, উপজেলা কৃষি অফিস, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।
- ০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পাগলা/পাথারিয়া, শান্তিগঞ্জ। তার অধিক্ষেত্রের সকল হাটবাজার/জনসমাগম বেশী হয় এমন গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তি মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। অফিস কপি।

সহকারী কমিশনার(ভূমি)  
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।